

💵 তারুদীরঃ আল্লাহ্র এক গোপন রহস্য

বিভাগ/অধ্যায়ঃ তারুদীর বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

তারুদীরের স্তরসমূহ - দ্বিতীয় স্তর: আল্লাহ তাঁর চিরন্তন জ্ঞান অনুযায়ী লাউহে মাহ্ফূযে ক্নিয়ামত পর্যন্ত যা কিছু হবে তার সবই লিখে রেখেছেন এ কথা মনেপ্রাণে বিশ্বাস করা

দ্বিতীয় স্তর: আল্লাহ তাঁর চিরন্তন জ্ঞান অনুযায়ী লাউহে মাহ্ফূযে ক্রিয়ামত পর্যন্ত যা কিছু হবে তার সবই লিখে রেখেছেন এ কথা মনেপ্রাণে বিশ্বাস করাঃ[1]

অর্থাৎ আমাদেরকে দৃঢ় বিশ্বাস করতে হবে যে, মহান আল্লাহ লাউহে মাহফূযে তাঁর চিরন্তন জ্ঞান মোতাবেক সৃষ্টিজগতের সবকিছুর তারুদীর কলম দ্বারা বাস্তবেই লিখে রেখেছেন; তাঁর চিরন্তন জ্ঞানের কোন কিছুই এই লেখনী থেকে বাদ পড়েনি। আর লাউহে মাহ্ফূযের এই লিখন ছিল আসমান-যমীন সৃষ্টির পঞ্চাশ হাযার বছর পূর্বে। তখন আল্লাহ কলম সৃষ্টি করে তাকে ক্বিয়ামত পর্যন্ত যা কিছু হবে সবকিছু লেখার নির্দেশ দিয়েছিলেন।[2] ইবনে তায়মিইয়াহ (রহেমাহুল্লাহ) বলেন, 'অতঃপর তিনি লাউহে মাহ্ফূযে সৃষ্টির তারুদীর লিখেন। সর্বপ্রথম তিনি কলম সৃষ্টি করে তাকে বলেন, লিখ। সে বলে, আমি কি লিখব? আল্লাহ বলেন, ক্বিয়ামত পর্যন্ত যা কিছু হবে, তার সবই লিখ'।[3]

মহান আল্লাহ বলেন,

﴿ أَلَمْ تَعْلَمْ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَاءِ وَالْأَرْضِ ١ إِنَّ ذَٰلِكَ فِي كِتَابٍ ١ إِنَّ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ﴾ [سورة الحج: 70]

'তুমি কি জান না যে, আসমান-যমীনে যা কিছু আছে, সব বিষয়ে আল্লাহ জানেন। এ সবকিছুই কিতাবে লিখিত আছে। এটা আল্লাহ্র কাছে সহজ' (হাজ্জ ৭০)।

অন্যত্র মহান আল্লাহ এরশাদ করেন,

﴿ مَا أَصَابَ مِن مُصِيبَةٍ فِي الْأَرْضِ وَلَا فِي أَنفُسِكُمْ إِلَّا فِي كِتَابٍ مِّن قَبْلِ أَن نَّبْرَأَهَا ۚ إِنَّ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ﴾ [سورة الحديد: 22]

'যমীনে এবং ব্যক্তিগতভাবে তোমাদের উপর এমন কোন মুছীবত আসে না, যা জগত সৃষ্টির পূর্বেই কিতাবে লিপিবদ্ধ নেই। নিশ্চয়ই এটি আল্লাহ্র পক্ষে সহজ' (আল-হাদীদ ২২)।

আব্দুল্লাহ ইবনে আমর ইবনিল আছ (রাদিয়াল্লাহু 'আনহুমা) বলেন, 'আমি রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) কে বলতে শুনেছি, 'আসমান-যমীন সৃষ্টির পঞ্চাশ হাযার বছর পূর্বে আল্লাহ সবকিছুর তারুদীর লিখে রেখেছেন। তিনি বলেন, আর তাঁর আরশ ছিল পানির উপরে'।[4]

ইমরান ইবনে হুছাইন (রাদিয়াল্লাহু 'আনহু) বলেন, রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, 'আল্লাহ ছিলেন; তাঁর পূর্বে কিছুই ছিল না। আর তাঁর আরশ ছিল পানির উপরে। অতঃপর আল্লাহ আসমান-যমীন সৃষ্টি



করলেন এবং লাউহে মাহ্ফূযে সবকিছু লিখে রাখলেন'।[5]

তারুদীর লিপিবদ্ধের পাঁচটি পর্যায়ঃ

প্রথম পর্যায়ঃ আসমান-যমীন সৃষ্টির পঞ্চাশ হাযার বছর পূর্বে আল্লাহ লাউহে মাহ্ফূযে সবকিছুর তারুদীর লিখে রাখেন। লাউহে মাহ্ফূযে বান্দার ভাগ্যে ভাল বা মন্দ যা-ই লিখে রাখা হয়েছে, তা-ই সে পাবে। ইমরান ইবনে ছছাইন (রাদিয়াল্লাহু 'আনহু) এবং আব্দুল্লাহ ইবনে আমর (রাদিয়াল্লাহু 'আনহুমা)-এর হাদীছদ্বয়ে আমরা এর প্রমাণ পেয়েছি।

দ্বিতীয় পর্যায়ঃ আল্লাহ বনী আদমকে তাদের পিতা আদম ('আলাইহিস্ সালাম)-এর পৃষ্ঠদেশ থেকে বের করে তাদের নিকট থেকে এ মর্মে অঙ্গীকার গ্রহণ করেছিলেন যে, তারা যেন তাঁর সাথে শিরক না করে। এসময় তিনি তাদের সবাইকে দু'বার দু'মুষ্টিতে নিয়েছিলেন এবং এক মুষ্টিকে জান্নাতবাসী আর অপর মুষ্টিকে জাহান্নামবাসী হিসাবে লিখে রেখেছিলেন। এই লিখন ছিল লাউহে মাহ্ফুযে লিখনের পরের স্তরে।[6]

মহান আল্লাহ বলেন,

﴿ وَإِذْ أَخَذَ رَبُّكَ مِن بَنِي آدَمَ مِن ظُهُورِهِمْ ذُرِّيَّتَهُمْ وَأَشْهَدَهُمْ عَلَىٰ أَنفُسِهِمْ أَلَسْتُ بِرَبِّكُمْ ۚ وَالُوا بَلَىٰ ۚ ا شَهِدْنَا ۗ أَن تَقُولُوا يَوْمَ الْقِيَامَةِ إِنَّا كُنَّا عَنْ هَٰذَا غَافِلِينَ ﴾ [سورة الأعراف: 172]

'আর যখন তোমার পালনকর্তা বনী আদমের পৃষ্ঠদেশ থেকে তাদের সন্তানদেরকে বের করলেন এবং তাদের নিজেদের সম্বন্ধে তাদেরকে প্রতিজ্ঞা করালেন, আমি কি তোমাদের পালনকর্তা নই? তারা বলল, অবশ্যই, আমরা অঙ্গীকার করছি; যাতে ক্রিয়ামতের দিন এ কথা না বলতে পার যে, আমরা তো ছিলাম এ বিষয়ে বেখবর। ' (আল-আ'রাফ ১৭২)।

আব্দুল্লাহ ইবনে আমর (রাদিয়াল্লাহু 'আনহুমা) বলেন, আমি রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) কে বলতে শুনেছি, 'আল্লাহ অন্ধকারে তাঁর সৃষ্টিকে সৃষ্টি করে স্বীয় নূরের আলোচ্ছটা দিলেন। ঐদিন যাকে আল্লাহ্র নূরের আলোচ্ছটা স্পর্শ করেছে, সে হেদায়াতপ্রাপ্ত হয়েছে। পক্ষান্তরে, যাকে স্পর্শ করেনি, সে পথভ্রম্ভ হয়েছে। সেজন্যই তো আমি বলি, কলম শুকিয়ে গেছে'।[7]

মনে রাখতে হবে, একদলকে জান্নাতী এবং অপর দলকে জাহান্নামী হিসাবে লিখে দেওয়া অথবা একদলকে আল্লাহ্র নূরের আলোচ্ছটা স্পর্শ করা এবং আরেক দলকে স্পর্শ না করার বিষয়টি এলোপাতাড়ি কোন বিষয় নয়; বরং আল্লাহ্র চিরন্তন জ্ঞান, ইচ্ছা এবং তাঁর পরিপূর্ণ ন্যায় ও ইনছাফের উপর ভিত্তি করেই তা সংঘটিত হয়েছে। তৃতীয় পর্যায়ঃ মানুষ মায়ের গর্ভে থাকা অবস্থায় আল্লাহ্র নির্দেশে ফেরেশতা এসে তার আয়ু, কর্ম, রিযিক এবং সে সৌভাগ্যবান নাকি দুর্ভাগা, তা লিখে দেন। আনুল্লাহ ইবনে মাস'উদ বলেন, রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন,

«إِنَّ أَحَدَكُمْ يُجْمَعُ خَلْقُهُ فِي بَطْنِ أُمِّهِ أَرْبَعِينَ يَوْمًا ، ثُمَّ يَكُونُ عَلَقَةً مِثْلَ ذَلِكَ ، ثُمَّ يَكُونُ مُضْغَةً مِثْلَ ذَلِكَ ، ثُمَّ يَكُونُ مُضْغَةً مِثْلَ ذَلِكَ ، ثُمَّ يَهُونُ مَكُمْ يُجْمَعُ خَلَقُهُ فِي بَطْنِ أُمِّهِ أَرْبَعِ كَلِمَاتِ ، وَيُقَالُ لَهُ اكْتُبْ عَمَلَهُ وَرِزْقَهُ وَأَجَلَهُ وَشَقِيٍّ أَوْ سَعِيد»

'তোমাদের যে কাউকে চল্লিশ দিন ধরে তার মায়ের পেটে একত্রিত করা হয়, তারপর অনুরূপ চল্লিশ দিনে সে জমাটবদ্ধ রক্ত হয় এবং তারপর অনুরূপ চল্লিশ দিনে সে মাংসপিণ্ডে পরিণত হয়। অতঃপর চারটি বিষয়ের নির্দেশনা দিয়ে আল্লাহ তার কাছে ফেরেশতা পাঠান এবং তার রিযিক, দুনিয়াতে তার অবস্থানকাল, তার



আমলনামা এবং সে দুর্ভাগা হবে না সৌভাগ্যবান হবে তা লিখে দেওয়ার জন্য তাঁকে বলা হয়'।[8] লাউহে মাহ্ফূযের লিখন ছিল সমগ্র সৃষ্টিকুলের; কিন্তু মায়ের পেটের এই লিখন শুধুমাত্র মানুষ জাতির জন্য নির্দিষ্ট।[9]

চতুর্থ পর্যায়ঃ প্রত্যেক রুদরের রাতে ঐ বছরের সবকিছু লেখা হয়। লাউহে মাহফূযের লিখন অনুযায়ী আল্লাহ ফেরেশতামণ্ডলীকে ঐ বছরের সবকিছু লিখতে নির্দেশ দেন। ইহাকে বাৎসরিক তারুদীর বলা হয়। মহান আল্লাহ বলেন,

[4-3 :الدخان - 4-4] ﴿ إِنَّا أَنزَلْنَاهُ فِي لَيْلَةٍ مُّبَارَكَةٍ ि إِنَّا كُنَّا مُنذِرِينَ, فِيهَا يُفْرَقُ كُلُّ أَمْرٍ حَكِيمٍ ﴿ [سورة الدخان: 3-4] 'আমি একে নাযিল করেছি এক বরকতময় রাতে, নিশ্চয় আমি সতর্ককারী। এ রাতে প্রত্যেক প্রজ্ঞাপূর্ণ বিষয় স্থিরীকৃত হয়' (দুখান ৩-৪)।[10]

ইবনে আব্বাস বলেন, ক্বনেরে রাতে লাউহে মাহফূযের লিখন অনুযায়ী ঐ বছরের জন্ম, মৃত্যু, রিযিক্ক, বৃষ্টি ইত্যাদি সবকিছু আবার লেখা হয়। এমনকি ঐ বছর কে হজ্জ করবে আর কে করবে না, তাও লিখে রাখা হয়।[11] পঞ্চম পর্যায়ঃ পূর্বের লিখিত তাক্কদীর অনুযায়ী প্রত্যেক দিন সবকিছুকে নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন করা হয়। ইহাকে প্রাত্তিক তাক্কদীর বলে। মহান আল্লাহ বলেন,

'তিনি প্রতিদিন কোন না কোন কাজে রত আছেন' (রহমান ২৯)।[12]

ইবনে জারীর (রহেমাহুল্লাহ) বলেন, রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) উক্ত আয়াত তেলাওয়াত করলে ছাহাবায়ে কেরাম তাঁকে জিজ্ঞেস করলেন, প্রত্যেক দিন তিনি কি করেন? রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) বললেন, কাউকে ক্ষমা করেন, কারো বিপদাপদ দূর করেন, কারো মর্যাদা বৃদ্ধি করেন আবার কারো মর্যাদার হানি করেন।[13]

তারুদীর লিপিবদ্ধের এই পাঁচটি পর্যায়ের শেষোক্ত চারটি পর্যায়ের উদ্দেশ্য হচ্ছে, বান্দার বিভিন্ন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফেরেশতামণ্ডলীকে তাঁদের স্ব-স্ব দায়িত্ব সম্পর্কে অবহিত করা[14] এবং এগুলি লাউহে মাহফূযে লিখিত তারুদীরের বাইরে নয়; বরং এগুলি লাউহে মাহফূযের তারুদীরেরই অন্তর্ভুক্ত।[15]

শায়খুল ইসলাম ইবনে তায়মিইয়াহ (রহেমাহুল্লাহ) বলেন, ফেরেশতামগুলীকে আল্লাহ তারুদীরের যেসব বিষয়ে অবহিত করান, তাঁরা কেবল সেগুলিই জানেন; সেগুলির বাইরে কিছুই জানেন না। যেমন: বান্দার মৃত্যু, রিযিক্ক, সে সৌভাগ্যবান নাকি দুর্ভাগা ইত্যাদি।[16]

উল্লেখ্য যে, প্রাত্যহিক তারুদীর বাৎসরিক তারুদীর অপেক্ষা খাছ। বাৎসরিক তারুদীর মায়ের রেহেমে থাকাকালীন লিখিত তারুদীর অপেক্ষা খাছ। রেহেমে থাকাকালীন লিখিত তারুদীর আল্লাহ কর্তক মানুষের অঙ্গীকার নেওয়ার সময়কালীন তারুদীর অপেক্ষা খাছ। আর অঙ্গীকার নেওয়ার সময়কালীন তারুদীর লাউহে মাহফূযের তারুদীর অপেক্ষা খাছ।[17]

ফুটনোট



- [1]. আব্দুল আযীয মুহাম্মাদ, আল-কাওয়াশেফুল জালিইয়াহ আন মা'আনিল ওয়াসেত্বিইয়াহ, (রিয়ায: মাকতাবাতুর রিয়ায আল-হাদীছাহ, ষষ্ঠ প্রকাশ: ১৯৭৮ইং), পৃ: ৬২০।
- [2]. আল-ই'তিकापूल ওয়াজিব নাহ্ওয়াল কাদার/১১।
- [3]. মাজমূ'উ ফাতাওয়া ইবনে তায়মিইয়াহ, ৩/১৪৮।
- [4]. ছহীহ মুসলিম, হা/২৬৫৩ 'তারুদীর' অধ্যায়, 'আদম এবং মূসা (আঃ)-এর বিতর্ক' অনুচ্ছেদ,।
- [5]. ছহীহ বুখারী, ৪/৩৮৭, হা/৭৪১৮, 'তাওহীদ' অধ্যায়, 'তাঁর আরশ ছিল পানির উপরে এবং তিনিই আরশের সুমহান অধিপতি' অনুচ্ছেদ।
- [6]. সুনানে আবূ দাউদ, হা/৪৭০৩, 'সুন্নাহ' অধ্যায়, 'তাকদীর' অনুচ্ছেদ; ছালেহ ইবনে আব্দুল আযীয ইবনে মুহাম্মাদ আলুশ্-শায়খ, জামে'উ শুরুহিল আকীদাতিত্-ত্বহাবিইয়াহ, ১/৫৬৯।
- [7]. জামে' তিরমিয়ী, হা/২৬৪২, ঈমান অধ্যায়, 'এই উম্মতের মধ্যে বিভক্তি' অনুচ্ছেদ, ইমাম তিরমিয়ী (রহেমাহুল্লাহ) হাদীছটিকে 'হাসান' বলেছেন।
- [৪]. ছহীহ বুখারী, ২/৪২৪, হা/৩২০৮, 'সৃষ্টির সূচনা' অধ্যায়, 'ফেরেশতামণ্ডলীর বর্ণনা' অনুচ্ছেদ।
- [9]. জামে'উ শুরুহিল আকীদাতিত্-ত্বহাবিইয়াহ, ১/৫৬৯-৫৭০; আব্দুল্লাহ জিবরীন, আত-তা'লীকাতুয্ যাকিইয়াহ আলাল আকীদাতিল ওয়াসেত্বিইয়াহ, (রিয়ায: দারুল ওয়াত্বান, প্রথম প্রকাশ: ১৯৯৮ইং), ২/১৫৭।
- [10]*.* প্রাগুক্ত।
- [11]. ইমাম কুরত্বুবী, আল-জামে লিআহকামিল কুরআন, (কায়রো: দারুল কুতুবিল মিছরিইয়াহ, দ্বিতীয় প্রকাশ: ১৯৬৪ইং), ৬/১২৭।
- [12]. জামে'উ শুরূহিল আক্কীদাতিত্-ত্বহাবিইয়াহ, ১/৫৭০; আত-তা'লীক্বাতুয্ যাকিইয়াহ আলাল আক্কীদাতিল ওয়াসেত্বিইয়াহ, ২/১৫৭।
- [13]. ইবনে জারীর ত্ববারী, তাফসীরে ত্ববারী (জামেউল বায়ান ফী তা'বীলিল কুরআন), তাহকীক: আব্দুল্লাহ ইবনে আব্দুল মুহসিন তুর্কী, (দারু হাজার/হিজর, প্রথম প্রকাশ: ২০০১ইং), ২২/২১৪, বর্ণনাটি 'হাসান' (মা'আরেজুল কবূল-এর ৩/৯৩৯ পৃষ্ঠার টীকা দ্র:)।



- [14]. সাঈদ ইসমাঈল, কাশফুল গায়ূম আনিল ক্বাযা ওয়াল ক্বাদার, (প্রকাশকাল: ১৪১৭হি:), পৃ: ৩১-৩২; মিরক্বাতুল মাফাতীহ শারহু মিশকাতিল মাছাবীহ, ১/২৪০।
- [15]. আব্দুর রাযযাক ইবনে আব্দুল মুহসিন আল-বাদ্র, তাযকিরাতুল মু'তাসী শারহু আকীদাতিল হাফেয আব্দিল গাণী আল-মাক্কদেসী (কুয়েত: গিরাস ফর প্রিন্টিং এণ্ড ডিস্ট্রিবিউশন, প্রথম প্রকাশ: ২০০৩ইং), পৃ: ১৫৩; আল-ঈমানু বিল-ক্নাযা ওয়াল-ক্নাদার/২৫২।
- [16]. ফাতাওয়া ইবনে তায়মিইয়াহ, ১৪/৪৮৮-৪৯২।
- [17]. জামে'উ শুরহিল আক্বীদাতিত্-ত্বহাবিইয়াহ, ১/৫৭০; হাফেয ইবনে আহমাদ হাকামী, মা'আরেজুলল কবূল, দোম্মাম: দারু ইবনিল কাইয়িম, তৃতীয় প্রকাশ: ১৯৯৫ ইং), ৩/৯৩৯।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=15042

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন